



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, হাতীবান্ধা, লালমনিরহাট।  
www.doict.hatibandha.lalmonirhat.gov.bd

নম্বর: ৫৬.০৪.৫২৩৩.০০০.০০০.২৫.০০০১.২৫.২

তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ  
১৪ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়ঃ সাইবার সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য গুগল ফর্ম পূরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি (NCSA) কর্তৃক মাঠ পর্যায়ে সাইবার সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হতে যাচ্ছে। একাধিক ব্যাচে আয়োজিত এই প্রশিক্ষণসমূহে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন স্কুল-কলেজের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ এবং বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণ কার্যক্রমটি নিজ নিজ উপজেলা/জেলায় আয়োজিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে আগ্রহী শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ এবং বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দের তথ্য সংগ্রহের জন্য জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি থেকে একটি গুগল ফর্ম (Google Form) প্রদান করা হয়েছে।

প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য গুগল ফর্মটির লিংকঃ <https://forms.gle/eLJGmCRBMDvbcGM28>

এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণে ইচ্ছুক সকল শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ এবং বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দকে উপর্যুক্ত গুগল ফর্মটি পূরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৪-০৮-২০২৫

মুত্তাছির আহম্মেদ

উপজেলা আইসিটি অফিসার (সহকারী  
প্রোগ্রামার)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনে কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাতীবান্ধা, লালমনিরহাট।
- ০২। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমনিরহাট।
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, হাতীবান্ধা, লালমনিরহাট।
- ০৪। উপজেলায় সকল দপ্তরের দপ্তরপ্রধানগণ, হাতীবান্ধা, লালমনিরহাট।
- ০৫। সকল হেডমাস্টার/অধ্যক্ষ/প্রিন্সিপাল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, হাতীবান্ধা, লালমনিরহাট।

